দৈনিক সংবাদ
FEB. 1 4 2000

৩৯
তারিখ ... ... FEB 1 3 2000
পৃষ্ঠা ... কলাম ...

বইমেলা ২০০০

বইমেলা বইমেলা বইমেলা বইমেলা
বইমেলা বইমেলা বইমেলা বইমেলা
বইমেলা বইমেলা বইমেলা বইমেলা

# ফাগুনের রঙ লাগা বইমেলা ও রাজাকারের মন

**মাহবুব মতিন ঃ** ফাগুনের আগুন লাগা রঙের মেলায় পরিণত হয়ে উঠেছিল গতকালের বইমেলা।

গতকাল রোববার ছিল পহেলা ফাল্গুন। নগর জুড়ে বসন্ত বরণের উৎসবে মেতে উঠেছিল নগরীর তরুণ-তরুণীরা। তার ছোঁয়া এসে লাগে বইমেলাতেও।

বিকেল থেকে সন্ধ্যা। সন্ধ্যা থেকে রাত পর্যন্ত তরুণ-তরুণীদের পদভারে, আড্ডায় মুখরিত ছিল মেলা প্রাঙ্গণ। মেলায় প্রচুর দর্শক সমাগম হয়। তবে সেই অনুযায়ী বই বিক্রি হয়নি।

কথাসাহিত্যিক মঈনুল আহসান সাবের এ প্রসঙ্গে বলেন, নগরীতে উৎসবে আনন্দের দিনে বেড়াবার মতো তেমন জায়গা নেই। বইমেলাটা বিনোদনের কেন্দ্রে পরিণত হয়েছে। দর্শক সমাগম অনুযায়ী সেই হারে তাই বই বিক্রি আশা করাও যায় না।

মেলায় গতকাল বই যা বিক্রি হয়েছে, তার বেশির ভাগই ছিল কবিতার বই। নির্মলেন্দু গুণের নতুন কবিতার বই 'আমি সময়কে জন্মাতে দেখেছি' ভাল চলছে বলে মাওলা ব্রাদার্সের মাহমুদুল হক জানালেন।

মেলায় গতকাল ক্রেতাদের মধ্যে কিশোর-কিশোরী আর তরুণ-তরুণীরাই ছিলেন শীর্ষে। এমন তথ্য দিয়েছেন কয়েকজন বিক্রেতা। মেলার দর্শকদের মধ্যে গতকাল তাদের সংখ্যাই ছিল বেশি।


গতকাল শিশু সমাগমও হয় লক্ষ্য করার মতো। শিশুদের জন্য মেলায় 'শিশু মেলা' নামে আলাদা প্রাঙ্গণ রাখা হয়েছে। অথচ সেখানে শিশুদের বইয়ের স্টল সংখ্যা মোটে ৬টি। বাকিগুলো বিভিন্ন এনজিও প্রতিষ্ঠান এবং বড়দের বইয়ের স্টল। এ প্রসঙ্গে শিশুদের বইয়ের প্রকাশক 'সূচীপত্র'-এর সাঈদ বারী জানান, তিনি 'শিশু মেলা'য় স্টল চেয়েছিলেন, তাকে বরাদ্দ দেয়া হয়নি। 'সূচীপত্র'র স্টল বরাদ্দ দেয়া হয়েছে পুকুরের পশ্চিম পাড়ে।

গতকালই প্রথম নতুন বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। কবি সরকার আমিনের দর্শনের বই 'নৈতিকতা ও শিল্প বিষয়ক তদন্ত ঃ সত্তার সঙ্গে কথাবার্তা'-এর মোড়ক উন্মোচন করেন অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী।

গতকাল মেলায় এসেছে হুমায়ুন আজাদের বিজ্ঞান গ্রন্থ 'মহাবিশ্ব'। বইটি প্রসঙ্গে হুমায়ুন আজাদ বলেন, উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান নিয়ে পড়ার সময় প্রচুর বিজ্ঞান প্রবন্ধ লিখেছি। দীর্ঘদিন পর আবার বিজ্ঞান নিয়ে লেখার কারণ হচ্ছে, পৃথিবী যেভাবে এগুচ্ছে আমরা সেভাবে এগুচ্ছি না। মনে হচ্ছে ২ হাজার বছর পেছনে পড়ে আছি। আমরা যেন পৌরাণিক বিশ্বে বাস করছি। এবারের বইমেলায় হুমায়ুন আজাদের আরো একটি নতুন বই এসেছে। 'নিজের সঙ্গে নিজের জীবনের মধু' প্রকাশ করেছে আগামী প্রকাশনী।








প্রতিদিনই মেলায় নতুন নতুন বই আসছে। গতকাল মেলায় এসেছে ৪২টি বই। বাংলা একাডেমির হিসাবে গত ৮ দিনে প্রায় আড়াইশ' নতুন বই মেলায় এসেছে। কিন্তু স্টল ঘুরে দেখা গেছে নতুন আসা বইয়ের সংখ্যা প্রায় ৪শ'।

গতকাল মেলায় এসেছে লুৎফর রহমান রিটনের গল্প গ্রন্থ 'টোকাই আমিন টোকাই বেড়াল' (শিশু একাডেমি), হুমায়ূন আহমেদের সায়েন্স ফিকশন 'ওমেগা পয়েন্ট' (সময়), আনিসুল হকের 'চিয়ারি বা বুদু ওরাও কেন দেশত্যাগ করেছিল' (সময়), গোলাম মোর্তুজার 'ঘটনা থেকে সংবাদ ও সাংবাদিকতা' (অনন্যা), হায়াৎ মামুদের 'গিলগামেশ'-এর দ্বিতীয় সংস্করণ (অবসর), আমীরুল ইসলামের 'আমরা বাঙালি সন্তান' (বিদ্যা প্রকাশ), হাসান হাফিজের কবিতার বই 'স্তবগান সুন্দরের' (অন্য প্রকাশ) ও 'জলরেখায় শব্দজোড়' (অনন্যা), মোহাম্মদ শামসুল কবিরের 'বিচিত্র ভাবনা সংস্কৃতি ও সাহিত্য ভাবনা' (দিব্য প্রকাশ), আহমদ রফিকের 'ফিট থাকুন দেহে-মনে' (দিব্য প্রকাশ) তারেক মাহমুদের উপন্যাস 'সুমিতার জন্য' (ছায়ালোক), তৌহিদুর রহমানের সায়েন্স ফিকশন 'ক্লোনা' (দীপ্তি), মহসিন হোসাইনের ছড়ার বই 'সেই হাতিরা উড়তে পারে' (অমর), আহমেদ কায়সারের ছড়ার বই 'টম এন্ড জেরী', ফজলে আহমেদের 'সেরা গোয়েন্দা নান্টু বল্টু' (আনন্দ পাবলিশিং হাউস), মাসুদুল হকের কবিতার বই 'ধ্বনিময় পালক' (শ্রাবণ) প্রভৃতি।

**রাজাকারের মন ঃ** গতকাল প্রখ্যাত প্রকাশনা সংস্থা মাওলা ব্রাদার্স থেকে প্রকাশিত হয়েছে বাংলাদেশের ইতিহাসে কালিমা লেপনকারী রাজাকারদের মনো-জগৎ নিয়ে বিশ্লেষণধর্মী গ্রন্থ 'রাজাকারের মন'। বইটির লেখক বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক মুনতাসীর মামুন। প্রচ্ছদ এঁকেছেন কাইয়ুম চৌধুরী। পৃষ্ঠা ২২৮। মূল্য ২০০ টাকা।